

## গণিত চর্চার বিকল্প নেই

—ডুয়েট উপাচার্য

গাজীপুর প্রতিনিধি \*

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (ডুয়েট) উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আলাউদ্দিন বলেছেন, বর্তমান যুগ বিজ্ঞানের যুগ। আর বিজ্ঞানের রানি হলো গণিত। এ জন্য বিজ্ঞান ও প্রযুক্তিক্ষেত্রে গবেষণা, উদ্ভাবন ও উৎকর্ষ সাধনের লক্ষ্যে গণিত চর্চার বিকল্প নেই। তিনি শুক্রবার সকালে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ৯ম জাতীয় স্নাতক গণিত অলিম্পিয়াড উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন।

বাংলাদেশ গণিত সমিতি ও এ এফ মুজিবুর রহমান ফাউন্ডেশনের পৃষ্ঠপোষকতায় ডুয়েটের গণিত বিভাগের আয়োজনে এ গণিত অলিম্পিয়াড অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের প্রথম পর্বে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আলাউদ্দিন বলেন উড়িয়ে অনুষ্ঠানের উদ্বোধন করেন। এতে বক্তব্য রাখেন, ইঞ্জিনিয়ারিং অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আবু নঈম শেখ, গণিত বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড. মোছা: নাসরিন আখতার, জাতীয় স্নাতক গণিত অলিম্পিয়াড-২০১৭ এর প্রধান সমন্বয়ক অধ্যাপক ড. মুনব্বুর রহমান চৌধুরী প্রমুখ। পরে বর্ণাঢ্য শোভাযাত্রা ও অংশগ্রহণকারীদের প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।